

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৩৮

খোয়াই, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

**পূর্ব রামচন্দ্রঘাটে ৬ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন হিমঘর**

খোয়াই জেলার পূর্ব রামচন্দ্রঘাটে আজ ৬ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন হিমঘরের আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। নবনির্মিত এই হিমঘরের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। এ উপলক্ষে পূর্ব রামচন্দ্রঘাট কমিউনিটি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা বিজ্ঞানসম্মত পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে কৃষকদের স্বনির্ভর করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন।

তিনি বলেন, কৃষকদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের জন্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকার নানা পরিকল্পনা নিয়ে কাজ করেছে। এর সুফল ইতিমধ্যেই ফলতে শুরু করেছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দাস আত্মনির্ভর ত্রিপুরা গঠনে এগিয়ে আসতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষি তত্ত্বাবধায়ক শ্রীকান্ত নাথ। সভাপতিত্ব করেন খোয়াই পঞ্চায়েত সমিতির সদস্য খোকন পাল। উল্লেখ্য এই হিমঘর নির্মাণে ব্যয় হয়েছে ১৪ লক্ষ ৩৬ হাজার টাকা। অনুষ্ঠানে এছাড়াও রেইনফেড এরিয়া ডেভেলপমেন্ট জাতীয় মিশনে ৩৬ জন প্রাণীপালককে একটি করে শূকরের ছানা ও ৪ জন কৃষককে ভার্মিকম্পোস্ট সার তৈরীর সরঞ্জাম তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*